দৈনিক বাংলা

তারিখ 4. OCT. 1988
পৃষ্ঠা ... 1 কলাম ... 8



(80)

বাংলাদেশ শিক্ষা তথ্য ও ডকুমেন্টেশন কেন্দ্র

# বন্যা রোধে জরুরী জাতীয় নীতিমালা প্রয়োজন: ভিসি

(স্টাফ রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান বন্যা মোকাবিলায় জরুরী ভিত্তিতে পর্যাপ্ত জাতীয় নীতিমালা প্রণ-

(৩-এর পৃঃ দ্রঃ)

## ভিসি

(প্রথম পৃঃ পর)

য়নের আহবান জানিয়েছেন।

একই সঙ্গে তিনি মানবিক দৃষ্টি ভঙ্গি থেকে মানবাধিকার রক্ষার জন্য বন্যা সমস্যার সমাধানে এগিয়ে আসতে প্রতিবেশী রাষ্ট্রসমূহের প্রতিও উদাত্ত আহবান জানান।

বৃহস্পতিবার বিকালে শান্তিনগরে অগ্রগামী সংঘ এবং কৃষ্টি ও কল্যাণ সংসদের যৌথ উদ্যোগে অনুষ্ঠিত 'শুধু কথা নয়—বাংলাদেশের অস্তিত্বের জন্য বন্যা সমস্যার স্থায়ী নিয়ন্ত্রণ: আমাদের স্বার্থহীন অঙ্গীকার' শীর্ষক এক আলোচনা সভায় প্রফেসর আবদুল মান্নান প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের প্রফেসর মাহমুদ-উল-আমীনের সভাপতিত্বে অনুষ্ঠিত এই আলোচনায় অংশ নেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পানি সম্পদ বিভাগের প্রফেসর আইনুন নিশাত, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল বিভাগের প্রফেসর এম আমিনুল ইসলাম ও সাংবাদিক গিয়াস কামাল চৌধুরী। একই সভায় এর ওপর একটি মুক্ত আলোচনাও অনুষ্ঠিত হয়।

বিশিষ্ট পানি বিশেষজ্ঞ প্রফেসর আইনুন নিশাত বন্যা পরিস্থিতি মোকাবিলা এবং এর ভয়াবহতা ও ক্ষয়ক্ষতি কমানোর জন্য আশু করণীয় স্বল্প ও দীর্ঘমেয়াদী সুদূরপ্রসারী দৃষ্টি পরিকল্পনা গ্রহণের ওপর সবিশেষ গুরুত্ব আরোপ করেন।

প্রফেসর আমিনুল ইসলাম বন্যা সমস্যার মোকাবিলায় বাংলাদেশের নিজস্ব বিজ্ঞানী ও বিশেষজ্ঞদের যথাযথ ভূমিকা পালনের সুযোগ দানের ওপর গুরুত্ব আরোপ করেন।

সাংবাদিক গিয়াস কামাল চৌধুরী বন্যা সমস্যার সমাধানের ক্ষেত্রে রাজনৈতিক দৃঢ় সদিচ্ছা গ্রহণের আহবান জানান।

সভাপতির ভাষণে প্রফেসর মাহমুদ-উল-আমীন বলেন, গঙ্গা ও ব্রহ্মপুত্রের বন্যা একা বাংলাদেশের পক্ষে নিয়ন্ত্রণ করা সম্ভব নয়। এর জন্য সংশ্লিষ্ট দেশসমূহের মধ্যে যুক্ত উদ্যোগ এবং আন্তর্জাতিক কারিগরি ও আর্থিক সহায়তা প্রয়োজন।

## ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ-এর ঢাকা কেন্দ্রের উদ্যোগে গতকাল বিকেলে 'নদী নিয়ন্ত্রণ ও আনুষঙ্গিক বিষয়' শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। প্রকৌশলী আরেফ আলী ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত এ সেমিনারে মূলপ্রবন্ধ পাঠ করেন বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহণ কর্তৃপক্ষের উপপ্রধান প্রকৌশলী তসলিমউদ্দীন খান।